

যুগলবন্দী

দেবকুমার মুখোপাধ্যায়

অর্জুনকে কিছুদিন যাবৎ চিন্তিত দেখিয়া কৃষ্ণ সেদিন জিজ্ঞাসা করিলেন, বৎস, তোমাকে অমনোযোগী দেখিতেছি। কারণ কী?

অর্জুন বলিলেন - একটি সমস্যায় পড়িয়াছি। মনে মনে আপনাকেই জানাইব ঠিক করিয়াছি। আপনি জানিতে চাহিলেন। ভালই হইল।

কৃষ্ণ বলিলেন - বলো, কী সমস্যা?

অর্জুন বলিলেন - আমি দুইজন নারীকে ভালবাসি।

একজনের সহিতই স্থায়ী সম্পর্ক রাখিতে চাই। কিন্তু দুইজনেই আমার প্রিয়। কাহাকে কাছে রাখিব আর কাহাকেই বা দূরে ঠেলিব বুঝিতে পারিতেছি না।

কৃষ্ণ বলিলেন - তাহাদের নাম কি? বংশ পরিচয় জানো?

অর্জুন বলিলেন - একজনের নাম বিচিত্রা পাল, অন্য চিন্ময়ী গাঙ্গুলী। বিচিত্রার বাবা স্কুল শিক্ষক আর চিন্ময়ীর বাবা অফিসে উচ্চপদাধিকারী। দুজনেই সুন্দরী।

কৃষ্ণ বলিলেন - তোমার পিতা শুনিয়াছি ব্রাহ্মণ বলিয়া গৌরব বোধ? করেন। নিচু জাতের মানুষকে সুনজরে দেখেন না। সুতরাং পিতার সহিত সংঘাত না চাহিলে তোমার চিন্ময়ীর সহিতই বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া উচিত।

অর্জুন বলিলেন - এই জন্যই আপনাকে জানাইলাম। আপনি কত সহজেই সমস্যার সমাধান করিয়া দিলেন। পিতাকে আমার বড় ভয়। তাহার বিপক্ষে যাওয়া আমার সাথে কুলাইবে না।

অতঃপর বিচিত্রার সহিত সম্পর্কচ্ছেদ করিয়া অর্জুন নিশ্চিত হইলেন। কিন্তু কিছুদিন পর নূতন সমস্যা আসিয়া উপনীত হইল। আবারও কৃষ্ণের শরণাপন্ন হইতে হইল অর্জুনকে। কৃষ্ণ অর্জুনকে অসময়ে আসিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন - নূতন কোন সমস্যায় পড়িয়াছ বোধ করি।

অর্জুন বলিলেন - আপনি আমার মন পড়িতে পারেন। এইবারের সমস্যা আরও গভীরে। পিতা আমার জন্য পাত্রীর সন্ধান করিতেছেন। তিনি প্রাক বিবাহ প্রেমে বিশ্বাস করেন না। পাত্রীদের পিতাগণ গৃহে যাতায়াত করিতেছেন।

কৃষ্ণ বলিলেন - চিন্ময়ীর পিতার মত কি জানো?

অর্জুন বলিলেন - তিনি সম্মত আছেন।

কৃষ্ণ বলিলেন - তবে চিন্ময়ীর পিতাকে তোমার পিতার নিকট অবিলম্বে যাইতে বলো। তবে তোমাদের উভয়ের সম্পর্কের বিষয়টা যেন তিনি অনুমত রাখেন।

সেই কথামতই কাজ হইল। চিন্ময়ীর পিতা অর্জুনের পিতার সহিত সাক্ষাৎ করিলেন। একদিন মাতা ডাকিলেন অর্জুনকে। অনেকগুলি যুবতী নারীর আলোকচিত্র দেখিতে দিলেন অর্জুনকে।

আপনার ঘরের নিভূতে সেইসব আলোকচিত্রের মধ্যে চিন্ময়ীর আলোকচিত্র খুঁজিয়া পাইতে অর্জুনের বিলম্ব হইল না। রাত্রি অবসানে মাতাকে তাহার পছন্দের কথা জানাইয়া দিল অর্জুন।

শুভ দিনে শুভক্ষণে শাঁখ বাজিল। উলুধ্বনি হইল। কৃষ্ণ বলিলেন - সখা, এইবার খুশি তো? ভবিষ্যতেও প্রয়োজন হইলে আমাকে স্মরণ করিও।